

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
ই-গভর্নেন্স-১ অধিশাখা  
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.১৪.০০১.২০.১৩৮

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪৩১

২৩ মে ২০২৪

বিষয়: অনলাইনে প্রদানকৃত সেবাসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে স্মার্ট বাংলাদেশের অন্যতম স্তম্ভ হচ্ছে “স্মার্ট সরকার” যার লক্ষ্য হলো সকল সেবা ডিজিটাইজেশনের মাধ্যমে অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তির মাধ্যমে জনগণের হাতের নাগালে পৌঁছে দেওয়া। এরই ধারাবাহিকতায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক প্রদত্ত সেবাসমূহ নিজস্ব সিস্টেম/মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশন-এর আওতায় এনে সেবা প্রাপ্তিকে সহজতর করা হচ্ছে। অনলাইনে সেবা নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রদত্ত সেবা সম্পর্কিত তথ্য এবং যে সকল সেবা অনলাইনে (মাইগভ/নিজস্ব সিস্টেম) প্রদান করা হচ্ছে তার তথ্য জানা প্রয়োজন।

২। এ বিষয়ে গত ০৫ মে ২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে অনুষ্ঠিত ‘এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম’ শীর্ষক প্রকল্পের ‘প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)’র ৭ম সভায় কার্যবিবরণীর ৩.৭(ক) নম্বর ক্রমিকে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

“প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সেবাসমূহ অনলাইনে প্রদানের মাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে”।

৩। এমতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইনে প্রদত্ত সেবাসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন নিম্নোক্ত ছকে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্নেন্স অধিশাখায় (ই-মেইল [shameem.kibria@a2i.gov.bd](mailto:shameem.kibria@a2i.gov.bd)-তে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(প্রয়োজনে জনাব মোঃ মাইনুল আবেদীন, সিনিয়র সহকারী সচিব, এটুআই প্রোগ্রাম (মোবাইল নম্বরঃ ০১৭১৭৮২৫৭১৩) এবং জনাব মুহম্মদ শামীম কিবরিয়া, সিনিয়র সহকারী সচিব, এটুআই প্রোগ্রাম (মোবাইল নম্বরঃ ০১৭০৬৩৬৪৯৮১) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।)

প্রতিবেদন প্রেরণের ছক:

মন্ত্রণালয়/বিভাগের নাম:

ক্রম	সেবার নাম	সেবার ধরণ			সেবা প্রদানের মাধ্যম		সেবা গ্রহিতার সংখ্যা (মাসিক)	মাইগভ প্ল্যাটফর্ম/ন িজস্ব সিস্টেম	সেবা গ্রহিতার সংখ্যা (মাসিক)	মন্তব্য
		নাগরিক	অভ্যন্তরীণ	প্রাতিষ্ঠানিক	ম্যানুয়াল	অনলাইন				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১



২৫-৫-২০২৪

মো: ছাইফুল ইসলাম

যুগ্মসচিব (সংযুক্ত)

ফোন: ৯৫১৩৩৩৯

ফ্যাক্স: ৯৫১৩৩০২

ইমেইল: [js\\_eg@cabinet.gov.bd](mailto:js_eg@cabinet.gov.bd)

সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.১৪.০০১.২০.১৩৮/১(৪)

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪৩১

২৩ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৩) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ



২৫-৫-২০২৪

মো: ছাইফুল ইসলাম

যুগ্মসচিব (সংযুক্ত)